

শোভন কর্মপরিবেশ শ্রমিকের মৌলিক অধিকার নিশ্চিত আইএলওকে মূল ভূমিকা পালন করতে হবে
-শ্রম প্রতিমন্ত্রী
ঢাকা, ১৯ মার্চঃ

শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী বেগম মনুজান সুফিয়ান বলেছেন শোভন কর্মপরিবেশ এবং শ্রমিকের মৌলিক অধিকার নিশ্চিত আইএলও ঘোষণার উদ্দেশ্যগুলো উপলব্ধি করে সদস্য দেশগুলোকে সহায়তার ক্ষেত্রে আইএলওকে মূল ভূমিকা পালন করতে হবে। তিনি আজ রাতে আইএলও এর গভর্নিং বডির ৩৪১ তম সেশনে ভারচুয়াল বক্তৃতায় এসব কথা বলেন।

শ্রম প্রতিমন্ত্রী বলেন, কোভিড-১৯ মহামারীর কারণে অনেক লোক আজ কর্মহীন, কারখানাগুলো চলছে খুঁড়িয়ে, সারা বিশ্বের অর্থনীতি একপ্রকার লাইক সাপোর্টে। তিনি বলেন, অবস্থায় আমরা সর্বাঙ্গক চেষ্টা করছি মানুষের জীবন বাঁচাতে এবং শ্রমিকদের চাকুরী রক্ষায়। আমাদের পাবলিক তহবিলের সর্বোত্তম ব্যবহার করতে হবে। বর্তমান পরিস্থিতিতে একজনও নিরাপদ নয় যতক্ষণ না আমরা সকলে নিরাপদ হচ্ছি। এজন্য আমাদের সকলকে একসাথে নিদিষ্ট লক্ষ্য নিয়ে কাজ করতে হবে।

প্রতিমন্ত্রী জন্মশতবার্ষিকীতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে শ্রদ্ধার সাথে স্মরণ করে বলেন, জাতির পিতা সারা বিশ্বে সামাজিক ন্যায় প্রতিষ্ঠার স্বপ্ন দেখেছিলেন। আইএলও এর সাথে সম্পর্ক আরো জোরদার করে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্ব বর্তমান সরকার বঙ্গবন্ধুর সে স্বপ্ন বাস্তবায়নে নিরলস কাজ করে যাচ্ছে।

স্বাক্ষরিত/-

মো: আকতারুল ইসলাম

জনসংযোগ কর্মকর্তা

০১৭১৮৮৫১৮৫১

